



**বাংলাদেশ ব্যাংক**  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

০৭ মাঘ, ১৪৩১

তারিখ: -----

২১ জানুয়ারি, ২০২৫

ডিএমডি সার্কুলার লেটার নং- ০৪/২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক  
(শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

প্রিয় মহোদয়,

পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯-এর সংশোধন প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জারিকৃত পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯-এর অনুচ্ছেদ-৩ এর প্রতিস্থাপন সংক্রান্ত ১৬ জানুয়ারি, ২০২৫ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.২০.৯ নং প্রজ্ঞাপনটি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য, জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(ইস্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোন: ৯৫৩০১৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
সঞ্চয় শাখা  
www.ird.gov.bd

নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.২০.৯


তারিখ: ২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
১৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯ এর অনুচ্ছেদ-৩ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ-৩ প্রতিস্থাপিত করা হইল-

- ০১। "সঞ্চয়পত্র ক্রয়ের যোগ্যতাঃ ১৮ (আঠারো) এবং তদুর্ধ্ব বয়সের যেকোন বাংলাদেশি মহিলা, যেকোন বাংলাদেশি শারীরিক প্রতিবন্ধী (পুরুষ ও মহিলা) এবং ৬৫ (পঁয়ষাট) ও তদুর্ধ্ব বয়সের বয়োজ্যেষ্ঠ যেকোন বাংলাদেশি পুরুষ নির্ধারিত ফরমে এই সঞ্চয়পত্র ক্রয়ের আবেদন করিতে পারিবেন। একক নামে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) লক্ষ টাকার এই সঞ্চয়পত্র ক্রয় করিতে পারিবেন। এই সঞ্চয়পত্র যুগ্ম নামে ক্রয় করা যাইবে না এবং ইহাতে প্রতিষ্ঠানের টাকাও খাটানো যাইবে না।"
- ০২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১২ সেপ্টেম্বর ২০১২ তারিখের অম/অসবি/সঞ্চয়-০১/২০১২/২৭২ স্মারকের মাধ্যমে জারিকৃত প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হইল।
- ০৩। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



১৬-০১-২০২৫  
মকিমা বেগম  
উপসচিব

mokima.begum@ird.gov.bd

নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.২০.৯/১ (১৫)

তারিখ: ২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
১৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৮। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ৯। জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। পরিচালক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১১। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

১২। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।

১৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

১৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৫। যুগ্মসচিব (সঞ্চয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।



*(Signature)*

১৬-০১-২০২৫

মকিমা বেগম

উপসচিব